

## গোয়ালন্দ প্রপার হাইস্কুল বইয়ের গুদামে দুর্ভুতের আগুন

প্রতিনিধি, গোয়ালন্দ (রাজবাড়ী)

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার প্রপার হাইস্কুলের বইয়ের গোড়াউনে গত সোমবার ভোররাতে একদল মুখোশধারী দুর্ভুত পেট্রল দিয়ে আগুন ছুড়ে মারে। কিন্তু ওই কক্ষে থাকা বিদ্যালয়ের নির্মাণ কাজের শ্রমিকেরা দ্রুত আগুন নিভিয়ে ফেলায় অগ্নির জন্য রক্ষা হাজারো সেট বই এবং প্রাণে রক্ষা পান শ্রমিকেরা। বিদ্যালয়ের ভবনের নির্মাণ কাজের দায়িত্বরত শ্রমিকদের দলনেতা আবদুর রাজ্জাক (৪০) সাংবাদিকদের জানান, বিদ্যালয়ের লাইব্রেরি ও প্রধান শিক্ষকের পাশের একটি বড় কক্ষে কাজ শেষে রাত্রীযাপন করেন। গত রোমবার দিনে কাজ শেষে রাতে তিনিসহ রাজ মিস্ত্রি সম্রাট, সহকারী হাফিজুল, জনি ও রহমান নামের পাঁচজন ঘুমিয়ে পড়েন। সোমবার ভোররাত সাড়ে তিনটার দিকে ৩-৪ জন মুখোশধারী দুর্ভুত তাদের কক্ষের সামনে এসে দরজা খুলতে বলে। না খোলায় তারা গালাগাল করে ফিরে যায়। প্রায় ১০ মিনিট পর পুনরায় দরজার সামনে এসে বাইরে থেকে বন্ধ করে দেয় এবং জানালার একটি পাতলা খুলে ফেলে ভেতর থেকে শ্রমিকদের কাছে থাকা নশদ টাকা, মুঠোফোন ও কাজের জন্য বসানো ইলেক্ট্রনিক্স মোটর কক্ষের চাবি দিতে বলে। চাবি দিতে রাজি না হওয়ায় দুর্ভুতরা বাইরে থেকেই জানালার ভেতর দিয়ে পেট্রল ছুড়ে দেয় এবং পাট কাঠিতে আগুন ধরিয়ে দেয় ভেতরে ছুড়ে মারে। শ্রমিকদের আতঙ্কিতকারে আশপাশের লোকজন এগিয়ে এলে দুর্ভুতরা দ্রুত পালিয়ে যায়। এ সময় ওই কক্ষে বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত প্রায় ১২০০ সেট বই ছিল। শ্রমিকেরা দ্রুত ঘরে থাকা বালতির পানি দিয়ে আগুন নেভায়। দুই/একটি বইয়ের পৃষ্ঠা সামান্য ক্ষতি হলেও বড় ধরনের ক্ষতি থেকে রক্ষা পায় শত শত বই এবং শ্রমিকদের প্রাণ। বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান সাংবাদিকদের জানান, ধারণা করা হচ্ছে বিদ্যালয়ের কাজ নিয়ে ঠিকাদারের সঙ্গে স্থানীয় কারো চাঁদা দাবি নিয়ে বিরোধ সৃষ্টি হতে পারে। এ কারণে তারা রাতে টাকার জন্য শ্রমিকদের কক্ষে হানা দেয় এবং আগুন দেয়ার চেষ্টা করে। তবে অগ্নির জন্য প্রায় ১২০০ সেট বই দুর্ভুতদের ছোড়া আগুন থেকে রক্ষা পাই। একই সঙ্গে রক্ষা পান গোড়াউনে থাকা শ্রমিকরাও। বিষয়টি কাজের ঠিকাদারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেওয়া হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. রতন মিয়া বলেন, প্রধান শিক্ষককে জানিয়েছেন, সম্ভবত ভবন নির্মাণ কাজের ঠিকাদারের সঙ্গে স্থানীয় কারো বিরোধ হতে পারে। ওই বিষয়কে কেন্দ্র করে দুর্ভুতরা হানা দেয়। তবে অগ্নির জন্য বইগুলো পুড়েনি এবং শ্রমিকের প্রাণ রক্ষা পায়।